

**ঢাকা ভাসিটির
অনিয়ম তদন্ত
কমিটি গঠন**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে স্বচ্ছতা আনয়ন এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম ও ভাবমতি অক্ষয় রাখার স্বার্থে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। গত বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক সভায় অধ্যক্ষ ডাঃ এ. এম. মজিবুল হককে আহ্বায়ক এবং অধ্যক্ষ ডাঃ এম. হাদী ও ব্যারিষ্টার মুহিনুল হোসেনকে সদস্য করিয়া এই কমিটি গঠন করা হয়। কমিটি বিশ্ববিদ্যালয়ের নিয়োগে অনিয়ম, আর্থিক দুর্নীতি এবং দলীয়করণ সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ পাইলে তাহা তদন্ত করিয়া সিণ্ডিকেটে রিপোর্ট পেশ করিবে। এই সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে তাহা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারের নিকট জমা দিতে বলা হইয়াছে। সিণ্ডিকেট সভায় অধ্যাপক ডঃ আবুল কালাম আজাদ, চৌধুরী ও ডঃ মোঃ আনোয়ার হোসেন এই কমিটি গঠনে তীব্র বিরোধিতা এবং তিরস্কৃত প্রদান করেন।